

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

এফই সার্কুলার নং- ০২

তারিখ : ১১ ফেব্রুয়ারী , ২০১৫ খ্রীঃ

বৈদেশিক মুদ্রায় লেনদেনের সকল অনুমোদিত ডিলার

প্রিয় মহোদয়গণ,

নগদ নোট আকারে মার্কিন ডলার ইস্যুকরণ প্রসঙ্গে।

বহির্গামী বাংলাদেশী ও বিদেশী নাগরিকগণের অনুকূলে অনুমোদিত ডিলারগণ কর্তৃক নগদ নোট আকারে মার্কিন ডলার ইস্যুকরণ প্রসঙ্গে গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজাকশান্স, ২০০৯ (প্রথম খন্ড) এর দ্বাদশ অধ্যায়ের অনুচ্ছেদ ১ ও ৬ এবং এফ.ই. সার্কুলার নং ১৭, তারিখ এপ্রিল ৬, ২০১৪ এর নির্দেশনাসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এখন হতে বহির্গমন উপলক্ষে নগদ নোট আকারে মার্কিন ডলার ইস্যুর বিষয়ে নিম্নরূপ নির্দেশনাবলী অনুসরণীয় হবে :

(ক) বহির্গামী বাংলাদেশী নাগরিকগণের অনুকূলে তাঁদের স্ব স্ব ব্যক্তিগত ভ্রমণ কোটা/ব্যবসায়িক ভ্রমণ কোটা/বিদেশে চিকিৎসা প্রাপ্তি/উচ্চ শিক্ষার্থী বিদেশ গমণ/অন্যবিধ বিশেষ বা সাধারণ অনুমোদন মোতাবেক ছাড়যোগ্য বৈদেশিক মুদ্রা হতে প্রতিবার ভ্রমণে যাত্রাপিছু অনধিক মার্কিন ডলার ৫০০০ নগদ নোট আকারে ইস্যু করা যাবে; অবশিষ্ট প্রাপ্ত অথবা প্রাপ্ত্যতার সম্পূর্ণ অংশ অন্য অবাধ বিনিময়যোগ্য বৈদেশিক মুদ্রায় নগদ নোট আকারে ইস্যু করা যাবে। প্রসঙ্গতঃ উল্লেখ্য, প্রাপ্ত্যতার সম্পূর্ণ অংশ মার্কিন ডলার/ অন্য অবাধ বিনিময়যোগ্য বৈদেশিক মুদ্রায় আন্তর্জাতিক কার্ডের (ক্রেডিট/ডেবিট/প্রি-প্রেইড যেটি প্রযোজ্য) মাধ্যমেও উপরোক্তিষিত গাইডলাইন এর অধ্যায় ১৯ এর বিভিন্ন অনুচ্ছেদ এর নির্দেশনা মোতাবেক ইস্যুযোগ্য হবে।

(খ) বহির্গামী বাংলাদেশী/বিদেশী নাগরিকগণের অনুকূলে তাঁদের বাংলাদেশস্থ স্ব স্ব বৈদেশিক মুদ্রা হিসাবের (প্রাইভেট ফরেন কারেন্সী একাউন্ট, রেসিডেন্ট ফরেন কারেন্সী ডিপোজিট একাউন্ট, রাষ্ট্রনিকারকের রিটেনশন কোটা একাউন্ট, ইত্যাদি) অথবা কনভার্টিবল টাকা হিসাবের স্থিতি হতে (অথবা সমমূল্য পরিমাণ বৈদেশিক মুদ্রার বিপরীতে ব্যাক-টু-ব্যাক ভিত্তিতে) যাত্রাপিছু নগদ মার্কিন ডলার ছাড়ের ক্ষেত্রে ০২(ক) উপ-অনুচ্ছেদে বর্ণিত সীমা প্রযোজ্য হবে; তবে, অবশিষ্ট প্রাপ্ত অথবা প্রাপ্ত্যতার সম্পূর্ণ অংশ অন্য অবাধ বিনিময়যোগ্য বৈদেশিক মুদ্রায় সংশ্লিষ্ট হিসাবের স্থিতি হতে নগদ নোট আকারে ইস্যু করা যাবে।

০৩। বহির্গমন উপলক্ষে বৈদেশিক মুদ্রা ছাড়করণের ক্ষেত্রে টিকিট ও পাসপোর্ট উপস্থাপনার আবশ্যকতাসহ অন্যান্য বিদ্যমান নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৪। এ নির্দেশনা বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ (১৯৪৭ সালের ৭নং আইন) এর ২০(৩) ধারা মোতাবেক জারী করা হলো।

অনুগ্রহপূর্বক উপরোক্ত নির্দেশনাবলী সংশ্লিষ্ট সকলপক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বাস,

(জগন্নাথ চন্দ্র ঘোষ)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯২